অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/5/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL 2025 সালের স্টেট অফ দ্য স্টেটের অংশ হিসেবে হাডসন ভ্যালির রেল সার্ভিসে বড় বিনিয়োগ করার প্রস্তাব করলেন

পরিকল্পনাটি নির্দিষ্ট কিছু ট্রিপের জন্য যাতায়াতের সময় প্রতি দিকে 15 মিনিট পর্যন্ত কমিয়ে দিবে এবং Metro-North Railroad এবং Amtrak-NYSDOT এম্পায়ার সার্ভিসের নির্ভরযোগ্যতা, মাণ এবং গতি উন্নত করবে

"সুপার-এক্সপ্রেস" Metro-North সার্ভিস নিউ ইয়র্ক সিটি এবং পকিপ্সির মধ্যে নির্ভরযোগ্য কমিউটার যাতায়াতকে 90 মিনিটের কম করবে

Grand Central Madison এবং LIRR-এর থার্ড ট্র্যাকের কাজ শেষ হওয়ার পর এটি উচ্চমানের সাবার্বান রেলের ব্যাপারে গভর্নরের অঙ্গীকারকে চলমান রাখছে

তার 2025 সালের স্টেট অফ দ্য স্টেটের অংশ হিসেবে গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে হাডসন ভ্যালির (Hudson Valley) রেল সার্ভিসের জন্য একটি বড় বিনিয়োগের প্রস্তাব করেছেন যা ধারণক্ষমতা বাড়াবে, বিলম্ব কমাবে, নিরাপত্তা উন্নত করবে এবং নির্দিষ্ট কিছু ট্রিপের জন্য যাতায়াতের সম্ভাব্য সময় প্রতি দিকে 15 মিনিট পর্যন্ত কমিয়ে দিবে, সেই সাথে "সুপার-এক্সপ্রেস" Metro-North Hudson Line-এর ট্রিপগুলির সময় 90 মিনিটের কমে কমিয়ে আনবে। প্রস্তাবনার মধ্যে আছে নিউ ইয়র্ক সিটি (New York City) এবং পকিপ্সির (Poughkeepsie) মধ্যে রেল ইনফ্রাস্ট্রাকচার ক্যাপিটাল উন্নয়নের একটি সেটের জন্য পরিকল্পনা, যাচাই ও নকশা, এর মধ্যে থাকবে স্পুইটেন ডুইভিলের (Spuyten Duyvil) একটি দ্বিতীয় ট্র্যাক, ইন্টারলকিং, সিগন্যাল ও ক্রোটন হারমোনের (Croton Harmon) ট্র্যাকের কাজ, এবং পকিপ্সি ইয়ার্ডের (Poughkeepsie Yard) ধারণক্ষমতার উন্নয়ন। পাশাপাশি, মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটি (Metropolitan Transportation Authority, MTA) ইয়োঙ্কার্সের (Yonkers) কাছে একটি সিগন্যালের ব্যবস্থা নতুন করে নকশা করবে এবং Hudson Line-এর সবথেকে দুর্বল এবং সবথেকে বেশি যাত্রীর অংশগুলিতে জলবায়ুর বিরুদ্ধে দৃঢ় করার জন্য বিনিয়োগ করবে।

"হাডসন ভ্যালির যাত্রীদের এমন দ্রুত, উচ্চমানের রেল সেবা প্রাপ্য যার উপর তারা ভরসা করতে পারবে, এবং এখন আমাদের জন্য যে বিনিয়োগ করার প্রস্তাব আমি করছি তা আগামী বহু জেনারেশনের জন্য রূপান্তরমূলক পরিবর্তন নিয়ে আসবে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আগামী বছরগুলিতে এইসব অতি প্রয়োজনীয় ইন্‌ফ্রাস্ট্রাকচারের উন্নয়নের কারণে আমরা আমাদের রেল সিস্টেমকে আধুনিক করতে পারবো, সংযোগ বাড়তে পারবো, যাত্রার সময়

কমাতে পারবো এবং পুরো অঞ্চলের অর্থনৈতিক সংযোগ জোরদার করতে পারবো। এই প্রস্তাবনাগুলি দিয়ে আমরা হাডসন ভ্যালি এবং তার বাইরেও সাবার্বান এবং গ্রামীণ যাত্রীদের জন্য আরো দ্রুত এবং আরো নির্ভরযোগ্য রেল সার্ভিস দেওয়ার ভিত্তি স্থাপন করে রাখছি।"

MTA-এর 2025-29 সালের ক্যাপিটাল প্ল্যানে আঞ্চলিক বিনিয়োগের জন্য যে বরাদ্দ থাকবে বলে আশা করা যাচ্ছে তার অংশ হিসেবে MTA অন্যান্য সম্ভাব্য রেল উন্নয়ন যাচাই ও নকশা করবে, যেমন Metro-North Harlem Line-এ একটি থার্ড ট্র্যাক যোগ করা বা ম্যানহাটনের (Manhattan) ওয়েস্ট সাইড (West Side) ওয়ান-সিট যাত্রার জন্য Hudson Line-এর সার্ভিসকে Penn Station-এর সাথে যুক্ত করা। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশনের (New York State Department of Transportation, NYSDOT) সাথে পার্টনারশিপ করে MTA এছাড়াও নিউ জার্সি (New Jersey), কাইনেটিকাট (Connecticut) এবং রেল পার্টনারদের সাথে একটি আঞ্চলিক রেল ওয়ার্কিং গ্রুপ প্রতিষ্ঠা করবে, যাতে ইন্টারঅপারেবিলিটি, টিকেট, শিডিউল এবং কাস্টোমার ইন্টারফেসের ক্ষেত্রে আরো ভালো কোঅর্ডিনেশন আনা যায়। এছাড়াও 2026 সালের বিশ্বকাপের জন্য এই গ্রুপটি MetLife Stadium পর্যন্ত Metro-North বা Long Island Railroad-এর যাত্রা যতটা সম্ভব বাধাহীন করার জন্য পরিকল্পনা করবে এবং আঞ্চলিক যাতায়াতকে আরো বেশি সংযুক্ত করার জন্য ভবিষ্যতের সুযোগ চিন্তা করার।

গভর্নর Hochul (হোকল) বিশ্বাস করেন যে সার্ভিস উন্নত করতে এবং হাডসন রিভারের (Hudson River) উভয় দিকের যাত্রীদের জন্য সুবিধা দিতে আরো কাজ করা সম্ভব। টিকেট, ফেরি এবং পার্কিং ইনসেনটিভ দিয়ে হাডসন রিভারের পশ্চিম দিকে Metro-North-এর আওতা বাড়ানোর একটি পাইলট প্রোগ্রামকে ব্যবহার করে নিউ ইয়র্ক এছাড়াও বিশেষজ্ঞ পরামর্শদাতাদের সাথে নিয়ে একটি ট্রানজিট বিশ্লেষণ করবে যাতে রেল সার্ভিসের প্রভাব বাড়ানো ও সর্বোচ্চ করার আরো সুপারিশের প্রস্তাব দেওয়া এবং যাচাই করা যায় এবং রিভারের পশ্চিম দিকে বাস করা এবং নিউ ইয়র্ক সিটিতে কাজ করা নিউ ইয়র্কবাসীদের জন্য অন্যান্য ধরণের কমিউটার ট্রানজিটের সুযোগ খোঁজা যায়। সেই বিশ্লেষণটিতে থাকবে একজন মুখ্য চাকরিদাতা ও অরেঞ্জ (Orange) কাউন্টির গন্তব্যের রিভিউ, যেখানে Woodbury Commons, Legoland, Storm King, Renaissance Fair, এবং Stewart Airport-এর মতো আকর্ষণগুলি পর্যন্ত Port Jervis Line-এর ট্রেনের সাথে সময় মিলিয়ে শাটল বাস সেবার অপশন বিবেচনা করা হবে।

আজকের ঘোষণাটি গভর্নর Hochul-এর টার্মের সময় যে মুখ্য আঞ্চলিক রেল বিনিয়োগ করা হয়েছে সেগুলিকে অগ্রসর করবে, যেমন LIRR থার্ড ট্র্যাক এবং Grand Central Madison-এর ঐতিহাসিক উদ্বোধন যা LIRR-এর জন্য নতুন যাতায়াতের সুযোগ নিয়ে এসেছে, নিউ ইয়র্কের আঞ্চলিক সংযোগ উন্নত করেছে, এবং সেবাকে 40 শতাংশ বাড়িয়ে দিয়েছে।

স্টেটের ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশনের কমিশনার Marie Therese Dominguez (ম্যারি টেরেস ডমিঙ্গেজ) বলেন, "নির্ভরযোগ্য, উচ্চমানের যাত্রী রেল সার্ভিস সকলের প্রাপ্য, এবং হাডসন ভ্যালির রেল নেটওয়ার্কে গভর্নর Hochul-এর (হোকল) টার্গেটেড বিনিয়োগ এমন হাজার হাজার যাত্রীর জন্য রেলের অভিজ্ঞতাকে উল্লেখযোগ্যভাবে উন্নত করবে যারা প্রতিদিন এই সার্ভিসের উপর নির্ভর করে। আমরা যখন রেল এবং ট্রানজিটে বিনিয়োগ করি তখন আমরা পরিবহনের পরিবেশবান্ধব, নির্ভরযোগ্য এবং নিরাপদ বিকল্পে বিনিয়োগ করছি। আমাদের স্টেট সমর্থিত Amtrak সার্ভিসে এই বিনিয়োগগুলির নেতৃত্ব দিতে সাহায্য করতে পেরে NYSDOT

গর্বিত, এবং Hudson Line রেল করিডোরে Metro-North সেবার অন্যান্য উন্নয়নকাজে MTA-এর সাথে পার্টনারশিপ করতে আমরা আগ্রহী। এটিই নিউ ইয়র্কবাসীদের প্রাপ্য।"

MTA-এর চেয়ার এবং CEO Janno Lieber (জ্যানো লিবার) বলেন, "Metro-North হলো লোয়ার হাডসন ভ্যালির অর্থনৈতিক মেরুদণ্ড, এবং এগুলি হলো এর ভবিষ্যৎ রক্ষা করার জন্য এবং রেকর্ড তৈরি করা 98+ শতাংশ সময়মতো ট্রেন আসার পারফরম্যান্সের জন্য স্মার্ট টার্গেটেড বিনিয়োগ। জলবায়ু পরিবর্তনের এই যুগে, দৃঢ়তা বিশেষ করে গুরুত্বপূর্ণ, এবং গভর্নর Hochul (হোকল) দেখিয়েছেন যে তিনি সহজাতভাবে এটি বুঝতে পারেন।"

MTA Metro-North Railroad-এর প্রেসিডেন্ট Catherine Rinaldi (ক্যাথেরিন রিনাল্ডি) বলেন, "বিগত বছরগুলির আবহাওয়া সম্পর্কিত ঘটনাগুলি Hudson Line-এর জলবায়ুর বিরুদ্ধে সহনশীলতার গুরুত্ব দেখিয়েছে এবং হাডসন ভ্যালিতে Metro-North সার্ভিসের নির্ভরযোগ্যতা চালিয়ে যাওয়া সম্ভব করার এই উন্নয়নগুলি দেখে আমরা অতি আনন্দিত। এইসব উন্নয়নকাজের জন্য গভর্নর Hochul-এর (হোকল) সমর্থন পেয়ে আমি অনেক কৃতজ্ঞ, এটি হাডসন ভ্যালির অর্থনীতিকে সমর্থন করবে।"

পকিপ্সির মেয়র Yvonne Flowers (ইয়ুভনে ফ্লাওয়ার্স) বলেন, "গভর্নর Hochul (হোকল) পকিপ্সি এবং নিউ ইয়র্ক সিটির মাঝখানের হাডসন ভ্যালির রেল সার্ভিসে বিনিয়োগ করতে চান তা শুনে আমি খুশি। পকিপ্সি সিটি এবং নিউ ইয়র্ক সিটির মধ্যে সংযোগ উন্নত করতে গভর্নরের অঙ্গীকারের অর্থ হলো আমাদের বাসিন্দাদের জন্য আরো সুযোগ, আমাদের স্থানীয় ব্যবসাগুলির জন্য আরো শক্ত সমর্থন, এবং NYC থেকে যাওয়া আসা করার জন্য আরো নিরাপদ ও আরো দ্রুত ব্যবস্থা। এই বিনিয়োগটি আমাদের কমিউনিটিকে সমৃদ্ধি করতে এবং অর্থপূর্ণভাবে সংযুক্ত থাকতে সাহায্য করবে।"

হোয়াইট প্লেইনসের (White Plains) মেয়র Thomas Roach (টমাস রোচ) বলেন, "Metro North সিস্টেমে বিনিয়োগ করা আমাদের স্টেটের অর্থনীতির জন্য অতি গুরুত্বপূর্ণ। নির্ভরযোগ্য, মানসম্পন্ন রেল ট্রানজিট আমাদের বাসিন্দা, ব্যবসা ও পরিবেশের জন্য লাভজনক। প্রয়োজনীয় রিসোর্স দেওয়ার ব্যাপারে গভর্নর Hochul-এর (হোকল) চলমান প্রতিশ্রুতি অত্যন্ত প্রয়োজনীয় এবং এর জন্য আমরা অনেক কৃতজ্ঞ।"

বীকনের (Beacon) মেয়র Lee Kyriacou (লী ক্রিয়াকু) বলেন, "Hudson Line-এ এইসব মুখ্য রেল বিনিয়োগের প্রস্তাব করার জন্য গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ, এটি কমিউনিটিগুলির উন্নয়ন করে এবং হাডসন ভ্যালিতে আমাদের অনেকের জন্য প্রতিদিনের জীবন উন্নত করে। ত্রিশ বছরের বেশি সময় ধরে বীকন থেকেই নিউ ইয়র্ক সিটি পর্যন্ত যাত্রা করা একজন যাত্রী হিসাবে, এবং বীকন পর্যন্ত "সুপার-এক্সপ্রেস" পিক আওয়ারের একজন যাত্রী হিসেবে আমি নিজের অভিজ্ঞতা থেকে ঘনঘন এবং দ্রুত রেল সার্ভিসের গুরুত্ব জানি, এটি অনেক মানুষকে কাজে গিয়ে উপার্জন করতে এবং বাড়িতে পারিবারিক জীবন উপভোগ করতে দেয়।"

নিউ ইয়র্ক স্টেটের এম্পায়ার রেল করিডোর সম্পর্কে

2024 সালের ফেডারেল ফিসক্যাল ইয়ারে (Federal Fiscal Year, FFY) নিউ ইয়র্কের স্টেট সমর্থিত Amtrak সেবা সর্বকালের রেকর্ড করে, যেখানে রাইডারশিপ 2 মিলিয়ন যাত্রীর বেশি ছিলো এবং 109 মিলিয়ন মার্কিন ডলারের বেশি রেভিনিউ পাওয়া যায়। নিউ ইয়র্ক সিটি থেকে অ্যালবানি (Albany) পর্যন্ত জনপ্রিয় Empire Service, নিউ ইয়র্ক সিটি থেকে মন্ট্রিল (Montreal) পর্যন্ত Adirondack Service, নিউ ইয়র্ক সিটি থেকে নায়াগ্রা ফলস (Niagara Falls) পর্যন্ত Maple Leaf Service, এবং সেই সাথে নিউ ইয়র্ক সিটি থেকে ভার্মন্টের (Vermont) বার্লিংটন (Burlington) পর্যন্ত Ethan Allen Service-কে NYSDOT-এর মাধ্যমে নিউ ইয়র্ক সমর্থন করে। FFY 2024-এ নিউ ইয়র্ক সিটি থেকে অ্যালবানি করিডোর পর্যন্ত সময়মতো ট্রেন আসার পারফর্ম্যান্স ছিলো 90 শতাংশ; এবং সকল নিউ ইয়র্ক সমর্থিত সেবার জন্য সামগ্রিক সম্মিলিত সময়মতো ট্রেন আসার পারফর্ম্যান্স ছিলো আনুমানিক 83 শতাংশ।

MTA Metro-North Railroad সম্পর্কে

MTA Metro-North Railroad হাডসন ভ্যালি, নিউ ইয়র্ক সিটি এবং কাইনেটিকাটের দক্ষিণপশ্চিম দিকের 124টি স্টেশনে প্রতি উইকডেতে 700টি ট্রেন দেয়, যা 2024 সালে 98 শতাংশের বেশিবার সময়মতো সেবা দিয়েছে এবং 2024 সালের পুরো বছরের রাইডারশিপ আগের বছরের থেকে 12.5 শতাংশ বেশি।

নভেম্বর মাস ছিলো Metro-North-এর জন্য তাদের সবথেকে শক্তিশালী মাসগুলির একটি যেখানে মোট রেকর্ড 5.7 যাত্রী দেখা গেছে, যা 2023 সালের নভেম্বর মাসের তুলনায় 4.8 শতাংশ বেশি। এছাড়াও নভেম্বর মাসে Metro-North রেলরোড ইতিহাসের মধ্যে সেরা এখন পর্যন্ত বছরের সেরা সময়মতো আসার পারফর্ম্যান্স রেকর্ড করেছে, যা ছিল সিস্টেম জুড়ে 98.3 শতাংশ এবং নভেম্বর মাসের জন্য সময়মতো আসার পারফর্ম্যান্স (on-time performance, OTP) ছিলো 97.9 শতাংশ, এবং 2024 সালের অক্টোবর মাসের জন্য Metro-North-এর সেবা দেওয়ার হার ছিলো 99.9 শতাংশ, যা সেবার নির্ভরযোগ্যতার একটি পরিমাপ। নভেম্বর মাসে Metro-North-এর গড় উইকডের রাইডারশিপ 200,087 হলো কোভিডের আগে 2019 সালের নভেম্বর মাসের তুলনায় 81.4 শতাংশ, এর থেকে শক্তিশালীভাবে রাইডারশিপ ফেরত আসার কথা বুঝা যায়; এবং উইকেন্ডের গড় রাইডারশিপ ছিলো 122,6637, যা কোভিডের আগের লেভেলের তুলনায় 94.2 শতাংশ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন